



## জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন, (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার ঢাকা-১২১৫।

ফোনঃ চেয়ারম্যান- ৫৫০১৩৭১৩, সার্বক্ষণিক সদস্য-৫৫০১৩৭১৫, সচিব- ৫৫০১৩৭১৭

ই-মেইল [info@nhrc.org.bd](mailto:info@nhrc.org.bd) ওয়েব : [www.nhrc.org.bd](http://www.nhrc.org.bd)

স্মারক নং: এনএইচআরসিবি/অভিযোগ/Suomoto/৪৬/১৯- ৪০১৬

তারিখ: ২২/১০/২০১৯

বিষয়: ধর্ষণের প্রকৃত আসামীকে বাদ দিয়ে অপর একজনকে ধরল পুলিশ-এ সংক্রান্ত অভিযোগের তদন্ত।


২২ অক্টোবর, ২০১৯, 'বিনাদোষে' 'অন্ধকার নয়নের ভবিষ্যৎ' শিরোনামে প্রকাশিত সংবাদের প্রতি জাতীয় মানবাধিকার কমিশনের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। প্রকাশিত সংবাদে উল্লেখ করা হয় যে, টাঙ্গাইলের সখীপুর থেকে ফুসলিয়ে কল্পবাজারের একটি আবাসিক হোটেলে নিয়ে ধর্ষণের অভিযোগে একটি মামলা হয়েছে। ওই মামলায় 'বিনাদোষে' ২৫ দিন ধরে কারাগারে আছেন বাবুল হোসেন নয়ন নামে এক কলেজছাত্র। পরে তথ্যপ্রযুক্তি ব্যবহার করে ঘটনার 'আসল নায়ক' নয়ন মিয়াকে গ্রেপ্তার করে পুলিশ। পরে সে আদালতে ১৬৪ ধারায় স্বীকারোক্তিও দিয়েছে। এর পরেও কারাগার থেকে মুক্তি মিলছে না বাবুল হোসেন নয়নের। উৎকণ্ঠিত পরিবারের আক্ষেপ, জেলহাজতে থাকায় চলতি ডিগ্রি তৃতীয় বর্ষের চূড়ান্ত পরীক্ষায় অংশও নেওয়া হলো না ছেলেটার। বিনাদোষে ভবিষ্যৎ অন্ধকার হয়ে যাবে নয়নের!

বিনাদোষে একজন নিরপরাধ মানুষের হাজতবাস অনভিপ্রেত এবং মানবাধিকারের লঙ্ঘন। এ বিষয়ে সুষ্ঠু তদন্ত হওয়া প্রয়োজন মর্মে কমিশন মনে করে।

০২। এমতাবস্থায়, অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক আগামী ২৪/১১/২০১৯ তারিখের মধ্যে কমিশনকে প্রতিবেদন দাখিলের জন্য আদিষ্ট হয়ে তাঁকে অনুরোধ করা হল।

সংযুক্ত: .০.২.... পাতা।

সিনিয়র সচিব  
জননিরাপত্তা বিভাগ  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

  
২২/১০/১৯  
(আল-মাহমুদ ফায়জুল কবীর)  
পরিচালক (অভিযোগ ও তদন্ত)  
(জেলা ও দায়রা জজ)  
ফোনঃ ৫৫০১৩৭১৮(দপ্তর)